# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ।

প্রশাসন পরিপত্র নং- ০৬/২০২১ তারিখঃ ০২/১২/২০২১ ইং

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা সমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে (পিআরএল ভোগরত ব্যতিরেকে) করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণের ক্ষেত্রে ক্ষতিপূরণ প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ব্যাংক প্রবিধি ও নীতি বিভাগের ১৯ এপ্রিল ২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪ এর নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে (পিআরএল ভোগরত ব্যতিরেকে) করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণের ক্ষেত্রে ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে গত ১৭/১১/২০২১ ইং তারিখের পরিচালনা পর্ষদের ৭৯৭তম সভায় কার্যপত্র উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক সামগ্রিক বিষয় বিবেচনা ও মূল্যায়নপূর্বক বাস্তব অবস্থার সাথে সংগতি রেখে অত্র ব্যাংকের বিভিন্ন ধাপের কর্মীদের কর্মরত অবস্থায় করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী ব্যাংকের নিয়মিত নির্বাহী কর্মকর্তা/কর্মচারীগণ (পিআরএল ভোগরত ব্যতিরেকে) এর স্ত্রী/স্বামী/সন্তান এবং অবিবাহিতদের ক্ষেত্রে বাবা/মা কে ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে নিম্নোক্তভাবে অনুমোদিত হয়েছেঃ-

০২। করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী বাংলাদেশ কৃষি ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের (পিআরএল ভোগরত ব্যতিরেকে) ক্ষেত্রে ক্ষতিপূরণ নির্ধারণের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪, তারিখ ১৯ এপ্রিল ২০২১ এর নির্দেশনা মোতাবেক প্রচলিত নিয়মকানুন যথাযথ অনুসরণপূর্বক মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীর (পিআরএল ভোগরত ব্যতিরেকে) স্ত্রী/স্বামী/সন্তান (নাবালক হলে আইনসম্মত অভিভাবক) এবং অবিবাহিতদের ক্ষেত্রে বাবা/মা কে আলোচ্য খাতে নিম্নোক্তভাবে ক্ষতিপূরণের অর্থ প্রদান করা হবে।

| ধাপ | পদ/গ্রেড | করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে |
|---|---|---|
| ধাপ-১ | প্রথম শ্রেণীর কর্মকর্তা/সিনিয়র অফিসার সমমান হতে তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাগণ | ৫০.০০ লক্ষ টাকা |
| ধাপ-২ | অফিসার বা সমমান হতে ধাপ-১ এর পূর্ব পর্যন্ত পদমর্যাদার কর্মকর্তাগণ | ৩৭.৫০ লক্ষ টাকা |
| ধাপ-৩ | সুপারভাইজার/উপ সহকারী প্রকৌশলী/নিম্নমান সহকারী ও সমমানের কর্মচারী এবং পিয়ন/চৌকিদার ও সমমানের কর্মচারী | ২৫.০০ লক্ষ টাকা |

০৩। করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবেঃ-

(ক) স্বশরীরে দায়িত্বে নিয়োজিত মৃত কর্মকর্তা/কর্মচারীগণ কেবলমাত্র এ ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য হবেন।

(খ) সরকার কর্তৃক নির্ধারিত বা স্বীকৃত রোগ নির্ণয় কেন্দ্রের করোনা ভাইরাস (COVID-19) পজিটিভ সংক্রান্ত সনদ মেডিকেল রিপোর্ট গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে যা সংশ্লিষ্ট শাখা প্রধান/সংশ্লিষ্ট কার্যালয় প্রধান/ মুখ্য আঞ্চলিক বা আঞ্চলিক প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

(গ) করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী নির্বাহী কর্মকর্তা/কর্মচারীর স্ত্রী/স্বামী/সন্তান (নাবালক হলে আইনসম্মত অভিভাবক) এবং অবিবাহিতদের ক্ষেত্রে বাবা/মা এর ক্ষতিপূরণের দাবি সংবলিত আবেদন (সংযুক্তি-ক মোতাবেক) হাসপাতাল/চিকিৎসক কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রাদিসহ সংশ্লিষ্ট শাখা/কার্যালয়ে দাখিল করবেন। দাখিলকৃত আবেদন ও কাগজপত্রাদি যাচাই বাছাইপূর্বক শাখার ক্ষেত্রে অঞ্চল প্রধানের মাধ্যমে, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের মাধ্যমে, কর্পোরেট শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে এবং প্রধান কার্যালয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সুপারিশসহ প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ এর উপমহাব্যবস্থাপক বরাবর প্রেরণ করবেন।

চলমান পাতা-০২

(ঘ) মৃত কর্মীর অনুদান গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবেঃ-

(০১) করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণের ক্ষেত্রে হাসপাতাল কর্তৃক মৃত্যু সনদপত্র।
(০২) করোনা ভাইরাস (COVID-19) পজিটিভ এর পিসিআর ল্যাব রিপোর্ট (শাখা ব্যবস্থাপক/কার্যালয় প্রধান কর্তৃক প্রত্যায়িত) ।
(০৩) মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীর ওয়ারিশ সনদপত্র।
(০৪) আবেদনকারী/ ওয়ারিশগণের জাতীয় পরিচয়পত্র বা জাতীয় পরিচয়পত্র না থাকা সাপেক্ষে জন্ম নিবন্ধন সনদ।
(০৫) স্ত্রীর ক্ষেত্রে পুনঃবিবাহে আবদ্ধ নহে এ মর্মে প্রত্যয়নপত্র (স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার কর্তৃক)।
(০৬) আবেদনকারীকে ক্ষতিপূরণের টাকা প্রদানের বিষয়ে অন্যান্য ওয়রিশগণের সম্মতিপত্র(শাখা ব্যবস্থাপক/কার্যালয় প্রদান কর্তৃক প্রত্যায়িত)।
(০৭) মরহুম স্বশরীরে শাখা/মাঠ/কার্যালয়ে উপস্থিত থেকে দায়িত্বে নিয়োজিত ছিলেন মর্মে শাখা/মাঠ/কার্যালয় প্রধানের প্রত্যয়নপত্র(সংযুক্তি-খ)।
(০৮) মৃত্যু পূর্ববর্তী কালীন সময়ে হাজিরা খাতার ফটোকপি (শাখা ব্যবস্থাপক/কার্যালয় প্রদান কর্তৃক সত্যায়িত)।
(০৯) করোনাকালীন সময়ে রোস্টারিং ডিউটির অফিস আদেশ (শাখা ব্যবস্থাপক/কার্যালয় প্রদান কর্তৃক সত্যায়িত)।

(ঙ)করোনা ভাইরাস(COVID-19) পজিটিভ নির্বাহী কর্মকর্তা/কর্মচারীগণ(পিআরএল ভোগরত ব্যতিরেকে) করোনা ভাইরাস মহামারিকালীন সময়ে ব্যাংকের শাখা/ কার্যালয়ে স্বশরীরে উপস্থিত হয়ে ব্যাংকিং কার্যক্রমে অংশগ্রহণ করেছিলেন মর্মে শাখা/কার্যালয় প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র (সংযুক্তি-খ মোতাবেক) দাখিল করতে হবে যা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

(চ) করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী নির্বাহী কর্মকর্তা/কর্মচারীদের (পিআরএল ভোগরত ব্যতিরেকে) আবেদনসমূহ প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রধান কার্যালয়ের প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ কর্তৃক ব্যাংকের পুরস্কার, চাঁদা ও অনুদান প্রদানের লক্ষ্যে গঠিত নিম্নোক্ত কমিটির নিকট যাচাই বাছাইপূর্বক সুস্পষ্ট ও সুনির্দিষ্ট সুপারিশ প্রদানের নিমিত্তে উপস্থাপন করবেন।

| | | |
|---|---|---|
| ০১। | উপব্যবস্থাপনা পরিচালক-১, বিকেবি, প্রকা, ঢাকা । | সভাপতি |
| ০২। | সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য |
| ০৪। | ব্যাংকের অনুমোদিত স্বাস্থ্য উপদেষ্টা। | সদস্য |
| ০৪। | উপমহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য সচিব |

ব্যাংকের কর্মীদের করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণের ক্ষেত্রে ক্ষতিপূরণ প্রদানের লক্ষ্যে গঠিত উপরোক্ত কমিটির সুপারিশের প্রেক্ষিতে প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ কর্তৃক সকল ধাপের নির্বাহী কর্মকর্তা/কর্মচারীর (পিআরএল ভোগরত ব্যতিরেকে) ক্ষতিপূরণ বাবদ প্রদেয় অর্থ প্রদানের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক ক্ষতিপূরণ অর্থ প্রদানের ব্যবস্থা করবে। এক্ষেত্রে সকল ধাপের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীর ক্ষতিপূরণ বাবদ প্রদেয় অর্থ মঞ্জুরির ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এখতিয়ারাধীন হবে।

(ছ) বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪, তারিখ ১৯ এপ্রিল ২০২১ এর নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট নির্বাহী কর্মকর্তা/কর্মচারীর (পিআরএল ভোগরত ব্যতিরেকে) ক্ষেত্রে ব্যাংকে তার অন্য কোন দায়দেনার সাথে উক্ত ক্ষতিপূরণের অর্থ সমন্বয় করা যাবে না। এ ক্ষতিপূরণ বর্তমানে প্রচলিত অন্য যে কোন প্রজ্ঞাপন/আদেশ/নীতিমালায় বর্ণিত কর্মকালীন মৃত্যুবরণের ক্ষেত্রে প্রযোজ্য আর্থিক সহায়তা/অনুদানের অতিরিক্ত হিসেবে প্রদেয় হবে।

(জ) ক্ষতিপূরণের দাবি সংবলিত আবেদন ও দাখিলকৃত সনদ/কাগজপত্রাদির সঠিকতা নিশ্চিত হয়ে প্রচলিত নিয়মকানুন যথাযথভাবে অনুসরণপূর্বক মৃত্যুবরণকারী নির্বাহী কর্মকর্তা/কর্মচারীর (পিআরএল ভোগরত ব্যতিরেকে) স্ত্রী/স্বামী/সন্তান (নাবালক হলে আইনসম্মত অভিভাবক) এবং অবিবাহিতদের ক্ষেত্রে বাবা/মা এর নামে ক্ষতিপূরণের প্রাপ্য অর্থ মঞ্জুরির পর প্রধান কার্যালয়ের কেন্দ্রিয় হিসাব বিভাগ হতে সংশ্লিষ্ট শাখা/মাঠ কার্যালয় প্রেরণ করবে যা অত্র ব্যাংকে পরিচালিত সংশ্লিষ্টের সঞ্চয়ী হিসাবের মাধ্যমে ক্ষতিপূরণের অর্থ প্রদান করতে হবে।

(ঝ) করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণের জন্য ক্ষতিপূরণ বাবদ ব্যয় নির্বাহের নিমিত্তে বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের হিসাব বিভাগ কর্তৃক খাত নির্ধারণ এবং বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঞ) বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪, তারিখ ১৯ এপ্রিল ২০২১ এর নির্দেশনা মোতাবেক এ ক্ষতিপূরণ প্রদান, সরকার ঘোষিত সাধারণ ছুটির তারিখ হতে অর্থাৎ ২৯ মার্চ ২০২০ ইং তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

চলমান পাতা-০৩

০৪। করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণের জন্য ক্ষতিপূরণের অর্থ প্রদান ও বিতরণের বিষয়ে সর্বোচ্চ স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা/কার্যালয় প্রধান ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে ক্ষতিপূরণের আবেদন অত্যন্ত সতর্কতার সহিত যাচাই বাছাই পূর্বক প্রেরণ করতে হবে, অন্যথায় ভুল তথ্য উপস্থাপনের দায় সংশ্লিষ্ট শাখা/কার্যালয় প্রধান ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের উপর বর্তাবে। উল্লেখ্য ইতোপূর্বে যারা আবেদন প্রেরণ করেছেন তাদেরকে উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/কাগজপত্রাদি সহ পুনরায় আবেদন করতে হবে।

০৫। এমতাবস্থায় উপরের বর্ণিত নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালন করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

Rashid 2.12.21

(মোঃ মামুনুর রশীদ)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/ককপবি(প্রকিউরমেন্ট)-১১(কোভিড-১৯)/২০২১-২০২২/৮৯৭(১২০০) তারিখঃ ০২/১২/২০২১ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

০২.১২.২০২১

(মোঃ আমিরুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

উপমহাব্যবস্থাপক
প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যলিয়, ঢাকা।

সংযুক্তি-ক

**বিষয়ঃ করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ এর জন্য ক্ষতিপূরণ প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

আমার স্বামী/স্ত্রী/সন্তান জনাব নামঃ .......................................... পিতা/স্বামীঃ .............................................., ভঃতঃসূঃনং...................... পদবি...................... বাংলাদেশ কৃষি ব্যাংক,.................................................. শাখা/কার্যালয় এ কর্মরত ছিলেন। তিনি বাংলাদেশ কৃষি ব্যাংক,........................................ শাখা/কার্যালয়............................ অঞ্চলে কর্মরত থাকা অবস্থায় করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে গত ...................... ইং তারিখে মৃত্যুবরণ করেন। আমি নিম্ন স্বাক্ষরকারী মরহুম ......................................... এর করোনা ভাইরাসে মৃত্যুবরণের জন্য ক্ষতিপূরণের দাবীদার, নিম্নে মরহুম ................................................ এর তথ্যাবলি আপনার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

| কর্মকর্তা/ কর্মচারীর নাম, এনআইডি নং | পদবি ও বিভাগ /শাখা/মাঠ কার্যালয় | বেতন গ্রেড ও স্কেল | করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণের তারিখ | সনদ ও মেডিকেল রিপোর্ট অনুযায়ী করোনা পজিটিভ হওয়ার তারিখ | মরহুমের সাথে আবেদনকারীর সম্পর্ক (জাতীয় পরিচয়পত্রসহ) | আবেদনকারী স্বশরীরে অফিসে উপস্থিত হয়ে দায়িত্বে নিয়োজিত ছিলেন মর্মে শাখা/মাঠ কার্যালয়/ বিভাগীয় প্রধানের (প্রকা) প্রত্যয়নপত্র (আলাদাভাবে অফিস প্যাডে প্রদান করতে হবে) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

০২। আবেদনপত্রে প্রদত্ত তথ্যের সঠিকতা সম্পর্কে ঘোষণাঃ

আমি এ মর্মে ঘোষণা করছি যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক আছে এবং জ্ঞানত কোন তথ্য গোপন করিনি। বাস্তব তথ্য গোপন করে অথবা ব্যাংকের বিধি বিধানের ব্যত্যয় করে এতদ্‌সংক্রান্ত আর্থিক সুবিধা গ্রহণ করা হলে আমি গৃহীত সমুদয় টাকা ফেরত প্রদানে বাধ্য থাকিব এবং ব্যাংক এ বিষয়ে যেকোন ব্যবস্থা গ্রহণ করিতে পারবে।

ক্ষতিগ্রস্থের পক্ষে,

০১.
স্বাক্ষর সত্যায়িত

শাখা/কার্যালয় প্রধান কর্তৃক সত্যায়িত
(সীল)

স্বাক্ষরঃ
আবেদনকারীর নামঃ
সম্পর্কঃ
এনআইডিঃ
ঠিকানা ঃ
মোবাইলঃ

০৩। সংযুক্তি ঃ

(ক) করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণের ক্ষেত্রে হাসপাতাল কর্তৃক মৃত্যু সনদপত্র।
(খ) করোনা ভাইরাস (COVID-19) পজিটিভ এর পিসিআর ল্যাব রিপোর্ট(শাখা ব্যবস্থাপক/কার্যালয় প্রধান কর্তৃক প্রত্যায়িত)।
(গ) মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীর ওয়ারিশ সনদপত্র।
(ঘ) আবেদনকারী/ ওয়ারিশগণের জাতীয় পরিচয়পত্র বা জাতীয় পরিচয়পত্র না থাকা সাপেক্ষে জন্ম নিবন্ধন সনদ।
(ঙ) স্ত্রীর ক্ষেত্রে পুনঃবিবাহে আবদ্ধ নহে এ মর্মে প্রত্যয়নপত্র(স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার কর্তৃক)।
(চ) আবেদনকারীকে ক্ষতিপূরণের টাকা প্রদানের বিষয়ে অন্যান্য ওয়ারিশগণের সম্মতিপত্র (শাখা ব্যবস্থাপক/কার্যালয় প্রদান কর্তৃক প্রত্যায়িত)।
(ছ) মরহুম স্বশরীরে শাখা/মাঠ/কার্যালয়ে উপস্থিত থেকে দায়িত্বে নিয়োজিত ছিলেন মর্মে শাখা/মাঠ/কার্যালয় প্রধানের প্রত্যয়নপত্র (সংযুক্তি-খ)।
(জ) মৃত্যুকালীন সময়ে হাজিরা খাতার ফটোকপি (শাখা ব্যবস্থাপক/কার্যালয় প্রদান কর্তৃক সত্যায়িত)।
(ঝ) করোনাকালীন সময়ে রোস্টারিং ডিউটির অফিস আদেশ (শাখা ব্যবস্থাপক/কার্যালয় প্রদান কর্তৃক সত্যায়িত)।

০৪। (ক) শাখা ব্যবস্থাপক/কার্যালয় প্রধানের সুপারিশঃ

জনাব.................................... পদবিঃ............................ ভঃতঃসূঃনং.................... তিনি গত ................ইং তারিখে করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। তার পরিবারের পোষ্য হিসেবে আবেদনকারীর আবেদনে পেশকৃত তথ্যাবলি সঠিক আছে। এক্ষেত্রে করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী সংশ্লিষ্ট কর্মীর পোষ্যকে ব্যাংকের বিধি মোতাবেক প্রাপ্য সিলিং অনুযায়ী ক্ষতিপূরণের টাকা প্রদানের সুপারিশ করা হলো।

ব্যবস্থাপক/কার্যালয় প্রধানের স্বাক্ষর
তারিখ ও সীল

(খ) নিয়ন্ত্রণকারী কর্মকর্তা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এর প্রধানের সুপারিশঃ-

উপরোক্ত সুপারিশের সাথে একমত পোষণ করে.......................... টাকা মঞ্জুরের জন্য সুপারিশ করা হলো (একমত পোষণ না করলে কারণসহ সুনির্দিষ্ট মতামত পেশ করতে হবে)।

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষর(সীলসহ)
(শাখার ক্ষেত্রে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা এবং
কর্পোরেট শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক)

# প্রত্যয়নপত্র

সংযুক্তি-খ

এ মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে জনাব .................................................. পিতাঃ .......................................... , মাতাঃ ........................................ পদবিঃ................................ভঃতঃসূঃনং......................তিনি ব্যাংকে স্বশরীরে উপস্থিত থেকে ব্যাংকিং কার্যক্রম/গ্রাহক সেবা প্রদানকালীন গত ............... ইং তারিখে করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হন এবং গত ...................... ইং তারিখে মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহী রাজিউন)। তার পরিবারের পোষ্য হিসেবে আবেদনকারীর আবেদনে পেশকৃত তথ্যাবলি সঠিক আছে। এক্ষেত্রে করোনা ভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী সংশ্লিষ্ট কর্মীর পোষ্যকে ব্যাংকের বিধি মোতাবেক প্রাপ্য সিলিং অনুযায়ী ক্ষতিপূরণের টাকা প্রদানের সুপারিশ করা হলো।

শাখা ব্যবস্থাপক/ কার্যালয় প্রধানের স্বাক্ষর
তারিখ ও সীল

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষর(সীলসহ)
(শাখার ক্ষেত্রে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা এবং
কর্পোরেট শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক)